দৈনিক বাংলা

তারিখ 14/3/79

পৃষ্ঠা... 8 2

115

# প্রবীণ রাজনীতিবিদ ইউসুফ হোসেন চৌধুরীর ইন্তেকাল

প্রবীণ রাজনীতিবিদ ও প্রখ্যাত সমাজকর্মী ফরিদপুরের জনাব ইউসুফ হোসেন চৌধুরী মঙ্গলবার সকালে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে.... রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স ছিল ৯০ বছর।

তথ্য ও বেতারমন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান জনাব ইউসুফ হোসেনকে তাঁর ধানমন্ডির বাসভবনে দেখতে গিয়েছিলেন।

জনাব হোসেন ১৯৩৬ সালে বঙ্গীয় বিধান সভার সদস্য ছিলেন। তিনি খান বাহাদুর উপাধি ত্যাগ করেছিলেন। ১৯৪৭ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত তিনি তৎকালীন পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক পরিষদের সদস্য ছিলেন।

তিনি দেশের কয়েকটি স্বেচ্ছাসেবী সংস্থা ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গেও সংশ্লিষ্ট ছিলেন।

মৃত্যুকালে তিনি তাঁর স্ত্রী, ৬ পুত্র, ৩ কন্যা, এবং নাতী-নাতনী, বন্ধুবান্ধব ও গুণগ্রাহীদের রেখে গেছেন।